আল্লাহ শহীদকে ঋণ ব্যতীত সবকিছু ক্ষমা করে দেন।

‘আবদুল্লাহ ইবন ‘আমর ইবন ‘আস রাদিয়াল্লাহু আনহুমা থেকে মারফু‘ হিসেবে বর্ণিত, “আল্লাহ শহীদকে ঋণ ব্যতীত সবকিছু ক্ষমা করে দেন।” আবদুল্লাহ ইবন ‘আমর ইবন ‘আস রাদিয়াল্লাহু আনহুমা থেকে অন্য বর্ণনায় এসেছে, “আল্লাহর পথে শহীদ হওয়া ঋণ ব্যতীত সবকিছুর
কাফফারা।”
[সহীহ] [এটি মুসলিম বর্ণনা করেছেন।]

হাদীসের অর্থ: আল্লাহর পথে শহীদ হওয়া ঋণ ব্যতীত ছোট বড় যাবতীয় গুনাহর কাফফারা হয়ে যায়। তবে শাহাদাত লাভ করলেও তা দ্বারা ঋণের কাফফারা হয় না। কেননা এতে রয়েছে সৃষ্টিকুলের হক; বিশেষ করে অর্থ-সম্পদের ঋণে। ধন-সম্পদ মানুষের কাছে খুব মূল্যবান ও সম্মানিত জিনিস। ঋণের সাথে যুক্ত হবে ব্যক্তির যিম্মায় যেসব ঋণ রয়েছে, যেমন চুরি, ডাকাতি, খিয়ানত ইত্যাদি। জিহাদ, শাহাদাত ও এ জাতীয় অন্যান্য সৎআমল মানুষের হকের কাফফারা হয় না; বরং তা শুধু আল্লাহর হকের কাফফারা হয়।

http://sunnah.global/hadeeth/bn/show/3589